

## ভূয়া বিজ্ঞাপনে সাতশ' লোক নিয়োগ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রারসহ ৪ কর্মকর্তা অভিযুক্ত

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

অবৈধভাবে ভূয়া (অনুমোদনহীন) বিজ্ঞাপনের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে সাত শতাধিক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ সংক্রান্ত প্রতারণা মামলায় বর্তমান ও সাবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রারসহ চারজনকে অভিযুক্ত করে পুলিশ আদালতে অভিযোগপত্র দাখিল করেছে। অভিযোগপত্রে আসামীদের বিরুদ্ধে মোফতারী পরোয়ানা জারি ও মানামাল ত্রোক করার

নির্দেশ দেয়ার জন্য আদালতে আবেদন করা হয়েছে। গত রবিবার গাজীপুর জেলার চীফ জিণিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ মামলার তদন্ত কর্মকর্তা আব্দুর রশিদ অভিযোগপত্র দাখিল করেন। আশু বুধবার সংশ্লিষ্ট আদালতে মামলায় অভিযোগপত্র উপস্থাপন করা হবে। তবে মামলার আসামীর, হাইকোর্টকে আগাম জামিন নিয়েছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের (১৯শ পৃঃ ৫-এর কঃ ৫ঃ)

### জাতীয় বিশ্ববিদ্যালয় (২০শ পৃঃ পর)

আজ বিকালে সিভিকস্টেটের সভা ডাকা হয়েছে। অভিযোগপত্রে সূর্যবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রার শমশের উজ্জ্বল জামান, বর্তমান ভারপ্রাপ্ত রেজিস্ট্রার শহীদুল রহমান, সাবেক জনসংযোগ পরিচালক মুহাম্মদ মোহাম্মদের এবং সহকারী জনসংযোগ পরিচালক আতিকুর রহমান হেলাল ভূয়া বিজ্ঞাপন ছাপানোর ঘটনায় জড়িত বলে উল্লেখ করা হয়। সাবেক তাইস চ্যাপেলর গ্রাফেসর ওয়াকিল আহমদ, সাবেক ট্রেজারার ও বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার গ্রাফেসর সৈয়দ আব্দুল কামাম আজাদ, সাবেক ডীন গ্রাফেসর পের মোহাম্মদ ও সহকারী রেজিস্ট্রার মোহাম্মদ মোসেনকে অভিযোগপত্র থেকে অব্যাহতি দেয়ার সুপারিশ করা হয়েছে।